

রেজিস্ট্রারের কার্যালয়  
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল  
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা-১০০০  
www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১৩৬/২০২০-২৭১


তারিখঃ ২৩ মার্চ ২০২০ খ্রিঃ

নিবন্ধন কার্যক্রম চলমান সংক্রান্ত বিজ্ঞপ্তি

সম্প্রতি দেশে সংক্রামক রোগ হিসেবে করোনাভাইরাসের প্রাদুর্ভাব দেখা দেওয়ায় সরকার এক সপ্তাহ সাধারণ ছুটি ঘোষণা করেছে, বিরাজমান পরিস্থিতিতে দেশের বিভিন্ন স্থান থেকে কর্মদিবসেও কাউন্সিলে আসা-যাওয়া সীমিত (নিয়ন্ত্রণ) রাখার জন্য অনুরোধ করা যাচ্ছে। বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল আইনের অধীনে প্রণীত নীতিমালা অনুযায়ী ২৮ ফেব্রুয়ারি (পূর্বের স্থগিতকৃত ব্যাচ ও নিয়মিত ব্যাচ) এবং ১৩ মার্চ ২০২০ খ্রিঃ অনুষ্ঠিত কম্প্রহেনসিভ পরীক্ষায় উত্তীর্ণদের বিশেষ অনুরোধে নিবন্ধন কার্যক্রম চলমান থাকবে। স্বীকৃত নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে সম্ভব হলে নিজ অবস্থান থেকে নিবন্ধন প্রক্রিয়া সম্পাদনের অনুরোধ করা যাচ্ছে। প্রক্রিয়া: (১) যথাযথভাবে অনলাইনে আবেদন ফরম পূরণ, (২) ই-মেইলের মাধ্যমে ফি জমার রশিদ/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (স্ক্যান কপি) প্রেরণ, (৩) তালিকায়ুক্ত ফরওয়ার্ডিং লেটার (স্ক্যান কপি) প্রেরণ।

অনলাইন কার্যক্রম সম্পন্ন হলে পরবর্তীতে হার্ডকপি রেজিস্ট্রেশন ফরম, ১ কপি ছবি, নার্সিং/মিডওয়াইফারি প্যাশের নম্বরপত্র ও প্রসংশাপত্র, জাতীয় পরিচয়পত্র, ফি জমার রশিদ প্রেরণ করতে হবে।

উপরোক্ত প্রক্রিয়ায় রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন হলে অনলাইনে ভেরিফিকেশন পূর্বক রেজিস্ট্রেশন নম্বরসহ রেজিস্টার্ড নার্স-মিডওয়াইফারি সংশ্লিষ্ট তথ্য পাওয়া যাবে।



(সুবাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন-৯৫৬৪১৫৯

ই-মেইল: info@bnmc.gov.bd

অনুলপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২. উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৩. অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/ইনস্টিটিউট (সকল) . . . . .
৪. হিসাবর রক্ষণ কর্মকর্তা, বিএনএমসিএ
৫. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (নিজ অবস্থানে থেকে উক্ত কার্যসম্পাদনের নির্দেশ দেয়া হলো) . . . . .
৬. জনাব/ বেগম . . . . .